ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ
# সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/
● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৩৭ ● কলকাতা ● ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২২ মে ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## যুদ্ধের মতো পরিস্থিতিতে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয় - ধনখড়




ডঃ সমরেন্দ্র পাঠক, সিনিয়র সাংবাদিক

**গোয়া, ২১ মে ২০২৫।** উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আজ বলেছেন যে আমাদের লক্ষ্য হল ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত জাতি এবং উন্নত ভারত হিসেবে গড়ে তোলা। এর জন্য মাথাপিছু আয় আট গুণ বৃদ্ধি করা প্রয়োজন। এটা তখনই সম্ভব যখন আমাদের সীমান্তে শান্তি থাকবে। যুদ্ধের

এরপর ৩ পৃষ্ঠায়


# সবাইকে সাবধানে থাকতে বললেন মুখ্যমন্ত্রী



বেবি চক্রবর্তী: উত্তরবঙ্গ

উত্তরবঙ্গ থেকে মুখ্যমন্ত্রী সকলকে সাবধানে থাকার বার্তা দিলেন। বুধবারের বৈঠকে উত্তরবঙ্গের সীমান্তবর্তী জেলার এসপি, আইসি এবং ওসিদের সর্তক থাকার কথা বলেন মমতা। পাশাপাশি তিনি স্থানীয় বাসিন্দাদেরও সাবধান করেন। মমতা জানান, ভিনরাজ্য থেকে কেউ কেউ ঢুকে স্থানীয়দের ব্যক্তিগত তথ্য নিয়ে চলে যাচ্ছে। মমতা তাই বলেছেন, 'সবাই সাবধানে থাকুন। বাইরে থেকে এসে কোনও জঙ্গি যেন শেল্টার নিতে না পারে। আবার কেউ যেন ব্যক্তিগত তথ্যও হাতিয়ে না নিতে পারে।' তাই ব্যক্তিগত তথ্য কারও সঙ্গে শেয়ার করতে বারণ করেছেন মমতা। ইতিমধ্যে খবরে প্রকাশ যে সীমান্ত এলাকায় কিছু জঙ্গি প্রবেশ করার চেষ্টা করছে।এর পাশাপাশি মুখ্যমন্ত্রী আসন্ন বর্ষা নিয়ে উত্তরবঙ্গের মানুষদের বার্তা দিয়েছেন। ইতিমধ্যেই উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ারে ঝড়বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে হাওয়া অফিস। ইতিমধ্যেই একাধিক জেলায়

এরপর ৩ পাতায়






# সরকারের সঙ্গে আলোচনায় বসতে চায় চাকরিহারারা




**বেবি চক্রবর্তী: কলকাতা**

অনেকদিন ধরেই বিকাশ ভাবনের সামনে অবস্থান বিক্ষোভ করে চলেছে চাকরিহারা শিক্ষককেরা। তাদের আন্দোলন কিছুটা দিশাহীন বটে। সেই পরিস্থিতিতে তারা আলোচনা চাইছে। এই পরিস্থিতিতে এবার মুখ্যমন্ত্রী মমতা বন্দেয়াপাধ্যায় ও শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে দেখা করতে চেয়ে খোলা চিঠি লিখলেন চাকরিহারারা। পরীক্ষার পথে না হেঁটেই যাতে চাকরি সুনিশ্চিত করা যায়, সেবিষয়েই আন্দোলনকারী শিক্ষক-অশিক্ষক কর্মীরা আলোচনা করতে চাইছেন বলেই খবর। 'যোগ্য শিক্ষক চাকরিহারা মঞ্চ'-এর তরফে জানানো হয়েছে, গত সোমবার রাতেই তাঁদের তরফে মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে মেল করা হয়েছিল। নিজেদের পরিস্থিতি বর্ণনা করে আলোচনায় বসার প্রস্তাব দিয়েছিলেন তাঁরা। আজ,বুধবার বিকেলে তাঁরা মুখ্যমন্ত্রীর কাছে সময় চেয়েছিলেন। কিন্তু সেই মেলের জবাব মেলেনি বলেই অভিযোগ। তার পরই খোলা চিঠির সিদ্ধান্ত। এক আন্দোলনকারী জানিয়েছেন, "মেলের উত্তর না পাওয়ায় আমরা খোলা চিঠি জমা দিয়েছি।" আন্দোলনকারীদের দাবি, সরকারের সঙ্গে আলোচনায় বসতে পারলে সমাধানসূত্র মিলবে। প্রসঙ্গত, নিয়োগে দুর্নীতির অভিযোগে ২০১৬ সালের গোটা প্যানেল বাতিল করে দেয় সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের এক কলমের আঁচড়ে চাকরি হারান প্রায় ২৬ হাজার শিক্ষক-অশিক্ষক কর্মী।

## কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি গোয়ায় আইকনিক অবজারভেটরি টাওয়ারগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন

**নতুন দিল্লি, ২১ মে, ২০২৫**


কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রী শ্রী নীতিন গড়করি ২৩ মে, শুক্রবার গোয়ায় নিউ জুয়ারি সেতুর উপর আইকনিক অবজারভেটরি টাওয়ারগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে শ্রী নীতিন গড়করির অগ্রণী উদ্যোগ এবং গোয়ার মুখ্যমন্ত্রী শ্রী প্রমোদ সাওয়ান্তের প্রয়াসের ফলে এটি সম্ভব হচ্ছে।

এই প্রকল্পটির জন্য ব্যয় ধরা হয়েছে ২৭০.০৭ কোটি টাকা। আগামী ৫ বছরের মধ্যে এটি তৈরি করা হবে। প্যারিসের আইফেল

এরপর ৪ পাতায়

# কলকাতার আকাশে রহস্যজনক ড্রোন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**কলকাতা:-** রহস্য ঘনিয়েছে মঙ্গলবার রাতে। হঠাৎ দেখা যায়, প্রায় ৭টা ড্রোন কলকাতার আকাশের দিকে এগিয়ে আসছে। সূত্রের খবর, মহেশতলা ও বেহালার দিক থেকে সাতটি রহস্যময় ড্রোন আসতে দেখা গিয়েছে। আশপাশে দ্বিতীয় হুগলি সেতু ও ফোর্ট উইলিয়ামের মতো জায়গা রয়েছে। দুই রাষ্ট্রের যেখানে উদ্বেগজনক পরিস্থিতি, সেখানে এই ড্রোন ঘিরে স্বাভাবিকভাবেই রহস্য দানা বেঁধেছে। ময়দানের বিস্তীর্ণ এলাকা সেনার অধীনে। সেক্ষেত্রে কলকাতা পুলিশ সেনাবাহিনীর সঙ্গেও কথা বলছে। মঙ্গলবার রাতে হঠাৎই মহেশতলা ও বেহালার দিক থেকে দেখা গিয়েছে, আকাশে অদ্ভুতজন আলো! সাধারণত এই আলো আকাশে দেখতে পাওয়া যায় না। সেনার নজরে পড়ে বিষয়টি। কলকাতা পুলিশের কর্তব্যরত আধিকারিক লালবাজার কন্ট্রোলে ফোন করেন। লালবাজার থেকে নির্দিষ্ট করে বেশ কিছু থানাকে জানানো হয়। তারপর থানার আধিকারিকরা বিষয়টি দেখার চেষ্টা করেন। রাতে দৃশ্যমানতা কম থাকায়, বিষয়টি স্পষ্ট নয়। ড্রোনের গতিতেই বস্তুগুলো ঘুরপাক খাচ্ছিল বলে জানা গিয়েছে। বহুতলের পিছন থেকে চলে গিয়েছে আলো। ওইগুলো আদৌ ড্রোন নাকি অন্য কিছু, সেটাও খতিয়ে দেখা হচ্ছে।সেনাবাহিনীর সঙ্গে কথা বলেছে কলকাতা পুলিশ। অবসরপ্রাপ্ত সেনা কর্তা কর্নেল রাজেন্দ্র ভাদুড়ি বলেন, "ড্রোনগুলি কী ধরনের ড্রোন, তার রেঞ্জ কীরকম,সেটা দেখতে পারে। হতে পারে বাংলাদেশ থেকে ড্রোনগুলি এসে থাকতে পারে, এখন অবশ্য এই নিয়ে জল্পনা করে লাভ নেই। যদি সার্ভিলেন্স ড্রোন হয়, তাহলে চিন্তার বিষয় রয়েছে।







(১ম পাতার পর)

# যুদ্ধের মতো পরিস্থিতিতে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয় - ধনখড়

মতো পরিস্থিতিতে এই অর্থনৈতিক উন্নয়ন ঘটতে পারে না।

মোরমুগাও বন্দরে উন্নয়ন প্রকল্পের উদ্বোধনকালে, মিঃ ধনখর বলেন যে উন্নয়ন ও অগ্রগতির জন্য শান্তি অপরিহার্য। গোয়ার রাজ্যপাল পি.এস. শ্রীধরন পিল্লাই, মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপরাষ্ট্রপতি বলেন যে আমি অনেকবার এটি পুনরাবৃত্তি করেছি, এবং আজ আবারও বলছি - জাতীয় নিরাপত্তার জন্য জাতীয়তাবাদের প্রতি অটল ও অটল অঙ্গীকার এবং অবিরাম প্রস্তুতি প্রয়োজন।

'অপারেশন সিঁদুর'-এর প্রশংসা করে মিঃ ধনখড় বলেন যে, ২২শে এপ্রিল যখন পাকিস্তান পহেলগামে সন্ত্রাসী হামলা চালায়, তখন ভারত খুব কার্যকরভাবে প্রতিক্রিয়া দেয়। মুরিদকে এবং বাহাওয়ালপুরে জইশ-ই-মোহাম্মদ এবং লস্কর-ই-তৈয়বার আস্তানাগুলিকে নির্ভুলভাবে লক্ষ্যবস্তু করা হয়েছিল।

(১ম পাতার পর)

# সবাইকে সাবধানে থাকতে বললেন মুখ্যমন্ত্রী

ভারী বৃষ্টিও হয়েছে। উত্তর সিকিম ধসে বিপর্যস্ত। তিস্তা–সহ একাধিক নদী ফুঁসছে। উত্তরবঙ্গের নদীগুলিতেও জল বাড়ার আশঙ্কা রয়েছে। সেসব দিক খতিয়েই উত্তরবঙ্গের জেলা প্রশাসনকে সতর্ক থাকতে আগাম নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী। বর্ষার আগে প্রয়োজনীয় কাজকর্ম শেষ করতেও তিনি নির্দেশ দেন। এ ছাড়াও তিনি ভেজাল ওষুধ নিয়ে মানুষকে সচেতন করে বলেন, কোনো ওষুধ নিয়ে সন্দেহ হলেই তার ছবি তুলে পুলিশকে জানানোর কথা বলেন।

# iGOT কর্মযোগী ১ কোটি নিবন্ধিত ব্যবহারকারীর মাইলফলক অতিক্রম করেছে

নতুন দিল্লি, ২১ মে, ২০২৫

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক এবং ভূ-বিজ্ঞান মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত, প্রধানমন্ত্রীর কার্যালয়, কর্মীবর্গ, গণ অভিযোগ ও পেনশন, আণবিক শক্তি ও মহাকাশ দপ্তরের প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং জাতীয় সিভিল সার্ভিসেস সক্ষমতা বৃদ্ধি কর্মসূচি-মিশন কর্মযোগী-তে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জনের কথা ঘোষণা করেছেন। কর্মযোগী ভারত দ্বারা পরিচালিত একটি ডিজিটাল লার্নিং প্ল্যাটফর্ম - iGOT কর্মযোগী প্ল্যাটফর্মে নিবন্ধিত সিভিল সার্ভেন্টসের সংখ্যা ১ কোটি অতিক্রম করেছে, যা গত ২ বছরেরও বেশি সময় ধরে ২০২৩ সালের জানুয়ারি পর্যন্ত ৩ লক্ষ ব্যবহারকারী থেকে ৩০ গুণ বৃদ্ধি পেয়েছে। এই দ্রুত বৃদ্ধি সরকারি প্রশাসন ব্যবস্থাপনায় ক্রমবর্ধমান ডিজিটাল বিষয়কে গ্রহণ ও ভবিষ্যতের জন্য প্রস্তুত এবং নাগরিক কেন্দ্রিক সরকারি পরিষেবা ব্যবস্থাপনা গড়ে তোলার ক্ষেত্রে কেন্দ্রের প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করে।

এই মাইলফলক অর্জনের পেছনে কেন্দ্রীয় এবং রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল উভয়েরই সক্রিয় ভূমিকা রয়েছে। iGOT কর্মযোগী প্ল্যাটফর্মে নিবন্ধিত ব্যবহারকারীদের মধ্যে ৬০ শতাংশেরও বেশি এসেছে রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল থেকে। বাকি এসেছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, দপ্তর ও সংস্থা থেকে। এখনও পর্যন্ত এই প্ল্যাটফর্মে বিহার, অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থান এবং উত্তরপ্রদেশে নিবন্ধিত সরকারি কর্মচারির সংখ্যা তুলনামূলকভাবে বেশি। এখন iGOT কর্মযোগী প্ল্যাটফর্মে ১৬টি ভাষায় ২ হাজার ৪০০টিরও বেশি কোর্স রয়েছে।

এই iGOT প্ল্যাটফর্মে নিবন্ধিত ব্যবহারকারী সংখ্যা বৃদ্ধির পেছনে রয়েছে জাতীয় ও রাজ্য পর্যায়ে সপ্তাহব্যাপী শিক্ষণ শিবিরের আয়োজন। প্রথম কর্মযোগী সপ্তাহ (ন্যাশনাল লার্নিং উইক) পালিত হয় ২০২৪ সালের ১৯-২৭ অক্টোবর পর্যন্ত। প্রধানমন্ত্রীর সূচনা করা এই অনুষ্ঠানের লক্ষ্য ছিল বিকশিত ভারত @২০৪৭ –এর পথে দেশের প্রশাসনিক চাহিতা পূরণের জন্য একটি দূরদর্শী, গতিশীল ও প্রতিক্রিয়াশীল সরকারি কর্মচারি গড়ে তোলা।

১ কোটিরও বেশি নিবন্ধিত সরকারি কর্মচারি নিয়ে iGOT কর্মযোগী প্ল্যাটফর্মের অদূর ভবিষ্যতের লক্ষ্য হল আঞ্চলিক ভাষায় কোর্সের সংখ্যা বৃদ্ধি, কোর্সের মান উন্নত করা, আরও বেশি করে কনটেন্ট প্রদানকারীদের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলা, এআই ও অন্যান্য প্রযুক্তি ব্যবহার করা, যাতে এই প্ল্যাটফর্ম ব্যবহারকারীরা আরও বেশি করে অভিজ্ঞ হয়ে ওঠেন। iGOT কর্মযোগী প্ল্যাটফর্মটি একটি ডিজিটাল সরকারি পরিকাঠামো হিসেবে তৈরি করা হয়েছে।

# সাইবার জালিয়াতির মোকাবিলায় "ফিনান্সিয়াল ফ্রড রিস্ক ইন্ডিকেটর" চালু করল টেলিকম দফতর

নয়াদিল্লি, ২১ মে, ২০২৫

সাইবার জালিয়াতি এবং আর্থিক অপরাধের মোকাবিলায় টেলিকম দফতর "ফিনান্সিয়াল ফ্রড রিস্ক ইন্ডিকেটর" (এফআরআই) চালু করার কথা ঘোষণা করেছে। এটি হল বিশেষ এক ধরনের বহুমাত্রিক বিশ্লেষণ ধর্মী প্রকৌশল- যা তৈরি হয়ে উঠেছে ডিজিটাল ইন্টেলিজেন্স প্ল্যাটফর্মের একটি অংশ হিসেবে। এর লক্ষ্য, আর্থিক প্রতিষ্ঠানগুলিকে সম্ভাব্য সাইবার জালিয়াতি সম্পর্কে আগাম তথ্য দিয়ে সতর্ক করে দেওয়া।

"ফিনান্সিয়াল ফ্রড রিস্ক ইন্ডিকেটর" আদতে কী ?

এই প্রকৌশল নির্দিষ্ট একটি মোবাইল নম্বরের ক্ষেত্রে আর্থিক জালিয়াতির সম্ভাবনা পরিমাপ করে। এজন্য তথ্য সংগৃহীত হবে ইন্ডিয়ান সাইবার ক্রাইম কোঅর্ডিনেশন সেন্টার, ন্যাশনাল সাইবার ক্রাইম রিপোর্টিং পোর্টালের মতো মঞ্চ থেকে।

টেলিকম দফতরের ডিজিটাল গোয়েন্দা বিভাগ আর্থিক জালিয়াতির ক্ষেত্রে সন্দেহভাজন বিভিন্ন মোবাইল নম্বর সম্পর্কে ধারাবাহিকভাবে তথ্য দিয়ে থাকে। এই ধরনের তথ্য এই কাজে বিশেষ সহায়ক হবে।

# সম্পাদকীয়

## রাষ্ট্রসংঘের তৃতীয় মহাসাগর সম্মেলনের আগে ভারতের আয়োজনে 'দ্বিতীয় ব্লু টকস'

ভারত সরকারের ধরিত্রী বিজ্ঞান মন্ত্রক (মিনিস্ট্রি অফ আর্থ সায়েন্সেস-এমওইএস) ২০ মে ২০২৫ তারিখে নতুন দিল্লির লোধি রোডে পৃথ্বী ভবনে ফ্রান্স এবং কোস্টারিকা দূতাবাসের সঙ্গে যৌথভাবে 'দ্বিতীয় ব্লু টকস'-এর আয়োজন করলো। এই বৈঠক জুন ৯-১৩ ২০২৫ ফ্রান্সে হতে চলা রাষ্ট্রসংঘের তৃতীয় মহাসাগর সম্মেলন(থার্ড ইউনাইটেড নেশনস ওশ্যান্স কনফারেন্স-ইউএনওসি৩)-এর আগে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

২০২৪-এ প্রথম ব্লু টকস-এর আলোচনার ওপর ভিত্তি করে এই বৈঠকে মত-বিনিময় করেন আন্তর্জাতিক ক্ষেত্রের বিশিষ্ট বিজ্ঞানী, নীতি প্রণেতা, সরকারী প্রতিনিধি, গবেষক এবং বিভিন্ন মহলের প্রতিনিধিরা। সাগরাঞ্চলের সংরক্ষণ এবং সংশ্লিষ্ট নানা বিষয়ে ইউএনওসি৩-র সম্ভাব্য আলোচ্য বিষয়গুলি নিয়ে সেখানে বিশদ পর্যালোচনা হয়।

বৈঠকে সভাপতিত্ব করেন ভারতের ধরিত্রী বিজ্ঞান মন্ত্রকের সচিব ডঃ এম রবিচন্দ্রন। যৌথ সভাপতিত্বে ছিলেন, কোস্টারিকার রাষ্ট্রদূত নেস্টার বালটোডানো ভার্গাস এবং ফ্রান্সের ডেপুটি হেড অফ মিশন দামিয়েন সৈদ।

ডঃ এম রবিচন্দ্রন ধারাবাহিক উন্নয়নের লক্ষ্য অর্জনে এবং রাষ্ট্রসংঘের ঘোষিত মহাসাগর দশকের কথা মাথায় রেখে সাগর অঞ্চলের সম্পদ মানচিত্রায়ণ, উন্নত প্রযুক্তির প্রয়োগ এবং উপযুক্ত নীতি প্রণয়নের কথা বলেন- যাতে পরবর্তীকালে সামুদ্রিক ব্যবস্থাপনা দক্ষ করে তোলার মানব সম্পদ তৈরি হয়ে উঠে। এই বৈঠকের তাৎপর্য ব্যাখ্যা করেন ফ্রান্স ও কোস্টারিকার প্রতিনিধিরা।

অনুষ্ঠানে ধরিত্রী বিজ্ঞান মন্ত্রক একটি শ্বেতপত্র প্রকাশ করে। সেখানে ভারতের সামুদ্রিক সম্পদের গুরুত্ব এবং অর্থনৈতিক বিকাশে তার ভূমিকার কথা তুলে ধরা হয়েছে। বিষয়টি ২০৪৭ নাগাদ বিকশিত ভারতের স্বপ্ন পূরণে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এই ক্ষেত্রে যাবতীয় চ্যালেঞ্জের মোকাবিলায় সমন্বিত উদ্যোগের কথা বলা হয়েছে শ্বেতপত্রে। উঠে এসেছে জি-২০ সভাপতিত্বের সময় ভারতের প্রদত্ত প্রতিশ্রুতি ও দিশা নির্দেশের বিষয়গুলিও। মহিলাদের নেতৃত্বাধীন সামুদ্রিক উদ্ভিদ চাষ, বন্দরের যথাযথ উন্নয়ন এবং পরিবেশ বান্ধব পদ্ধতিতে জাহাজ পুনর্নির্মাণের প্রাসঙ্গিকতাও উঠে এসেছে প্রতিবেদনটিতে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(চৌত্রিশতম পর্ব)



প্রিয়দর্শন, স্বল্পভাষী, অদীর্ঘসূত্রী অথাৎ কোন কাজে অধিক সময় ব্যয় করেন না, ধার্মিক, জিতেন্দ্রিয়, বিদ্যান, অগর্বিত, যিনি জনগণের সেবাপরায়ণ ও পরকে পীড়া দেন না, যিনি ধীরে সণান করেন, দ্রুত আহার করেন, ফুল তোলার পর গন্ধ নেন না, পরস্ত্রী দর্শন করেন না এবং সংযত সে ব্যক্তিই আমার প্রিয়।লক্ষ্মী দেবীর আবাসলক্ষ্মী দেবী গৃহিণীদের মধ্যে গৃহলক্ষ্মী হয়ে বাস করেন। তবে সব গৃহিণীদের মধ্যে নয়। ব্রহ্মবৈবর্ত পুরাণে দেবী বলেছেন- আমি সে সব নারীর শরীরে নিত্য বাস করি যারা গুরুজনের কাছে শিক্ষা লাভ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

# কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি গোয়ায় আইকনিক অবজারভেটরি টাওয়ারগুলির ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন

টাওয়ারের আদলে এই অবজারভেটরি টাওয়ারগুলি নির্মিত হবে। পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তুলতে সেখানে ঘূর্ণায়মান রেস্তোরাঁ এবং আর্ট গ্যালারি থাকবে। গোয়ার সমৃদ্ধশালী পর্যটন মানচিত্রে এটি একটি উল্লেখযোগ্য স্থান হয়ে উঠবে।

ডিবিএফওটি (ডিজাইন, বিল্ড, ফাইন্যান্স, অপারেট অ্যান্ড ট্রান্সফার) মডেলে বাস্তবায়িত এই উদ্যোগে সরকারের উপরে কোনো আর্থিক বোঝা চাপবে না। এখানে ঘুরতে আসা পর্যটকদের সুবিধার জন্য সেতুর উভয় প্রান্তে গাড়ি পার্কিং-এর ব্যবস্থা করা হবে। এমনকি এই টাওয়ারগুলি থেকে পর্যটকরা প্রশস্ত দৃশ্য দেখতে পারবেন। এই প্রকল্প গোয়ায় পর্যটন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে আরও গতি নিয়ে আসবে বলে আশা করা হচ্ছে। একইসঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে। এমনকি আন্তর্জাতিক মানচিত্রে গোয়া স্থাপত্য পর্যটন এবং অভিজ্ঞতামূলক ভ্রমণের জন্য একটি অন্যতম প্রধান গন্তব্য স্থান হয়ে উঠবে।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

পশ্চিমের কক্ষটি বৃহৎ এবং আয়তাকার। সাধারণ তীর্থযাত্রীরা এটি পূজার জন্য ব্যবহার করেন না। মাঝের কক্ষটি বর্গাকার। এখানে দেবীর একটি ছোটো মূর্তি আছে। সেই মূর্তিটি পরবর্তীকালে এখানে স্থাপিত হয়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ইউসুফ পাঠানের বদলে অভিষেক যাচ্ছেন জাপান সহ এশিয়ার ৫টি দেশে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



দিল্লী:- ভারত-পাকিস্তানের ঘটনার প্রেক্ষিতে বিশ্বের কাছে ভারতের অবস্থান তুলে ধরতে বিভিন্ন দল যাচ্ছে বিশ্বের বিভিন্ন দেশে। সেই দলে থাকছেন তৃণমূল কংগ্রেসের অভিষেক বন্দ্যোপাধ্যায়। পহেলগাঁওয়ে জঙ্গি হামলার জবাব দিয়ে গত ৭ মে পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের একাধিক জঙ্গিঘাঁটি গুঁড়িয়ে দেয় ভারতীয় সেনা। ভারত স্পষ্ট করে দিয়েছে, শুধুমাত্র জঙ্গিঘাঁটিকেই নিশানা করা হয়েছে অপারেশন সিঁদুরে। পাকিস্তান সেনার কোনও পরিকাঠামোয় আঘাত হানা হয়নি। পাকিস্তানের সাধারণ নাগরিকদেরও নিশানা করা হয়নি। এই কথাই বিশ্বের দরবারে তুলে ধরার জন্য দেশে দেশে বহুদলীয় প্রতিনিধি দল পাঠাচ্ছে ভারত। পাকিস্তান কীভাবে সন্ত্রাসবাদে মদত দিচ্ছে, সেকথাও তুলে ধরবে প্রতিনিধি দলগুলি। তেমনই একটি প্রতিনিধি দলের সদস্য হিসেবে এশিয়ার পাঁচটি দেশে যাচ্ছেন ডায়মন্ডহারবারের তৃণমূল সাংসদ অভিষেক। প্রথমে অবশ্য কেন্দ্র প্রতিনিধি দলে বহরমপুরের তৃণমূল সাংসদ ইউসুফ পাঠানকে রেখেছিল। কিন্তু, দলের সঙ্গে আলোচনা না করে এই সিদ্ধান্ত নেওয়ায় পাঠানের নাম প্রত্যাহার করে তৃণমূল। সেইসময় তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, প্রতিনিধি দলে তৃণমূলের তরফে কে যাবেন, তা কেন্দ্র ঠিক করতে পারে না। তৃণমূলই তা ঠিক করবে। শেষ পর্যন্ত অভিষেকের নাম প্রস্তাব করেন মমতা বন্দ্যোপাধ্যায়।

সূত্রের খবর, মঙ্গলবার কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু তৃণমূল সুপ্রিমোকে ফোন করেন। তখন অভিষেকের নাম প্রস্তাব করেন মমতা। তারপরই একটি প্রতিনিধি দলের সদস্য হিসেবে অভিষেকের নাম অন্তর্ভুক্ত করা হয়। তিনি যে প্রতিনিধি দলের সদস্য, সেই প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন জনতা দল ইউনাইটেডের সাংসদ সঞ্জয় ঝা। মঙ্গলবার প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক করেন বিদেশ সচিব বিক্রম মিস্রি। জানা গিয়েছে, সেই বৈঠকে যোগ দেন অভিষেক। এরপর এদিন সাতসকালে কলকাতা বিমানবন্দর থেকে দিল্লি রওনা দেন অভিষেক। সকালে বিমানবন্দরে পৌঁছে হাতের ঘড়ি দেখিয়ে অভিষেক বলেন, ফ্লাইটের সময় হয়ে গিয়েছে। তারপরই বিমানবন্দরের ভিতরে চলে যান তিনি। জানা গিয়েছে, অভিষেকদের প্রতিনিধি দল এদিন জাপান যাবে। তারপর দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া এবং মালয়েশিয়া যাবে।

# এবার বারুইপুরে তেল ও প্রাকৃতিক গ্যাসের ভান্ডার মিলতে চলেছে



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**দক্ষিণ ২৪ পরগনা:-** দক্ষিণ ২৪ পরগনার অশোকনগরের পরে এবার বারুইপুরে তেল ও প্রাকৃতিক গ্যাসের ভান্ডার মিলবে। এই কাজের জন্য তিন বছর ধরে পরীক্ষামূলক খনন কাজ শুরু করতে চলেছে ও এন জি সি। ইতিমধ্যেই ওই জায়গায় মেশিন যাওয়ার জন্য রাস্তার কাজ জোরকদমে শুরু হয়েছে। পাশাপাশি, অফিসারদের থাকার রুম, কনফারেন্স রুম সবই নির্মাণ চলছে। এই প্রসঙ্গে বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সর্দার বলেন, ১ হাজার একরের বেশি জমিতে ও এন জি সি এই কাজ করবে। প্রাথমিক ভাবে ১০০ একর জমিতে কাজ শুরু হয়েছে। এর ফলে এলাকার আর্থিক সমৃদ্ধি ঘটবে। কর্মসংস্থানের পথ খুলতে পারে। জানা গিয়েছে, বারুইপুর পূর্ব বিধানসভার বেগমপুর পঞ্চায়েতের ২০০ কলোনি এলাকায় এই কাজ শুরু হয়েছে। রাস্তা থেকে প্রায় ১ কিলোমিটার ভিতরে মাঠে এর কাজ হচ্ছে। তিন বছরের চুক্তির ভিত্তিতে স্থানীয় কৃষকদের কাছ থেকে জমি নেওয়া হয়েছে। এর জন্য কৃষকরা ২ লক্ষ টাকা করে পাবেন। রিক মেশিন (খননকারী মেশিন)ঢোকার জন্য রাস্তার কাজ শুরু হয়ে গিয়েছে। ও এন জি সি সূত্রে জানা গিয়েছে, যে কোনোও দিন এই মেশিন ঢুকলেই খননকাজ শুরু হয়ে যাবে। স্থানীয় পঞ্চায়েতের উপ প্রধান রিয়া বর্মন বলেন, ও এন জি সি কর্তারা ১০০ শতাংশ আশাবাদী এখানে খনন চালিয়ে মিলবে প্রাকৃতিক গ্যাস ও তেল। এলাকার মানুষজন এই কাজের দিকে তাকিয়ে আছেন। কারণ, অর্থনৈতিক উন্নতি ঘটবে গোটা পঞ্চায়েত এলাকার।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ভারতে পূর্ণ শিক্ষিত রাজ্য মিজোরাম

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




ভারতের প্রথম পূর্ণ শিক্ষিত রাজ্য হিসেবে উঠে এল মিজোরাম। মঙ্গলবার উত্তর-পূর্ব ভারতের রাজ্য মিজোরামকে দেশের প্রথম সম্পূর্ণ ভাবে সাক্ষর রাজ্য ঘোষণা করে দেশটির কেন্দ্রীয় সরকার।

কেন্দ্রের ইউএলএলএএস প্রকল্পের আওতায় সাক্ষরতার হার কমপক্ষে ৯৫ শতাংশ হলেই পূর্ণ সাক্ষরতার শিরোপা মিলবে বলে মাপকাঠি বেঁধে দেওয়া হয়েছে। সেখানে মিজোরামে সাক্ষরতার শতকরা হার ৯৮.২ শতাংশ। অর্থাৎ সেদেশের প্রথম সম্পূর্ণ ভাবে সাক্ষর রাজ্য বিবেচিত হল মিজোরাম।

মঙ্গলবার আইজলে মিজোরাম ইউনিভার্সিটিতে আয়োজিত একটি অনুষ্ঠানে এই সুখবরটি দেন রাজ্যটির মুখ্যমন্ত্রী লাড়ুহোমা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী এবং মিজোরামের শিক্ষামন্ত্রী ভানলালথলানা।

এই সাফল্যের জন্য রাজ্য সরকার এবং রাজ্যের মানুষকে অভিনন্দন জানিয়েছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী। এক্স হ্যান্ডেলে তিনি লিখেছেন 'আজ, আমরা গর্বের সাথে মিজোরামকে 'আন্ডারস্ট্যান্ডিং লাইফলং লার্নিং ফর অল ইন সোসাইটি (ইউএলএলএএস) প্রকল্প- নব ভারত সাক্ষরতা কার্যক্রমের অধীনে প্রথম সম্পূর্ণ শিক্ষিত রাজ্য হিসেবে ঘোষণা করেছি। এই সাফল্যের জন্য মিজোরামের জনগণ এবং মুখ্যমন্ত্রী লালদুহোমাকে অভিনন্দন।'

মিজোরামের এই সাফল্যে গর্বিত বোধ করেছেন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। এক্স পোস্টে তিনি লিখেছেন 'এটি রাজ্যের শিক্ষা যাত্রায় একটি স্মরণীয় এবং গর্বিত মাইলফলক এবং জাতির জন্য অত্যন্ত গর্বের মুহূর্ত। এটি রাজ্য সরকার এবং রাজ্যের মানুষের সহযোগিতামূলক প্রচেষ্টা এবং সংকল্পেরও ফল।'

## ছত্তিশগড়ে আইনশৃঙ্খলাবাহিনীর সঙ্গে তুমুল সংঘর্ষ, নিহত ২৭

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভারতের ছত্তিশগড় রাজ্যে আইনশৃঙ্খলাবাহিনীর সঙ্গে মাওবাদী বিদ্রোহীদের তুমুল সংঘর্ষ হয়েছে। এতে অন্তত ২৭ মাওবাদী বিদ্রোহী নিহত হয়েছেন।

বুধবার ছত্তিশগড়ের নারায়ণপুর জেলার গভীর বনাঞ্চলে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

ছত্তিশগড় পুলিশ বলেছে, ভারতীয় কমান্ডোরা গুলি চালিয়ে কমপক্ষে ২৭ মাওবাদী বিদ্রোহীকে হত্যা করেছেন।

কয়েক দশক ধরে চলা মাওবাদীদের বিদ্রোহে দেশটিতে মাওবাদী বিদ্রোহী, সেনা এবং বেসামরিক নাগরিকসহ ১২ হাজারের বেশি মানুষ নিহত হয়েছেন। মাও বিদ্রোহীরা ভারতের খনিজ-সমৃদ্ধ মধ্যাঞ্চলীয় ওই রাজ্যের প্রান্তিক আদিবাসীদের অধিকারের জন্য বছরের পর বছর ধরে সরকারি বাহিনীর বিরুদ্ধে লড়াই করছে।

চীনা বিপ্লবী নেতা মাও সেতুংয়ের কর্মকাণ্ডে অনুপ্রাণিত হয়ে ১৯৬৭ সালে সশস্ত্র বিদ্রোহ শুরু করেন ভারতের মাওবাদী বিদ্রোহীরা। আদিবাসী অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর পক্ষে লড়াইয়ের দাবি করা মাওবাদীরা নকশাল নামেও পরিচিত।

২০০০-এর দশকের মাঝামাঝি সময়ে ভারতে মাওবাদীদের বিদ্রোহ চরমে পৌঁছায়। ওই সময় দেশটির প্রায় এক তৃতীয়াংশ এলাকার নিয়ন্ত্রণ ১৫ থেকে ২০ হাজার মাওবাদী যোদ্ধার হাতে ছিল।

## ২৪ ঘণ্টায় অনাহারে গাজায় ২৬ জনের মৃত্যু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

একটি আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় অবরুদ্ধ গাজা উপত্যকায় কমপক্ষে ২৬ জন ফিলিস্তিনি অনাহার ও চিকিৎসার অভাবে মারা গেছে। যার মধ্যে ৯ জনই শিশু।

ইউরো-মেড হিউম্যান রাইটস মনিটর মঙ্গলবার জানিয়েছে, বয়স্ক, রোগী এবং শিশুদের মধ্যে মৃত্যুর হার নাটকীয়ভাবে বেড়েছে। ইসরায়েল ইচ্ছাকৃতভাবে গাজার জনসংখ্যাকে দুর্বল ও ক্ষতিগ্রস্থ করার লক্ষ্যে অবরোধ দেয়ায় এই মৃত্যু হার বাড়ছে।

জেনেভা-ভিত্তিক সংস্থাটি জানিয়েছে, এই অবস্থার মধ্যে রয়েছে চলমান ব্যাপক অবরোধের পাশাপাশি ইচ্ছাকৃতভাবে অনাহার, তীব্র দুর্ভোগ এবং চিকিৎসা সেবা থেকে পদ্ধতিগতভাবে বঞ্চনা।

ইউরো-মেড জানিয়েছে, গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের শক্তিশালী পর্যবেক্ষণ ব্যবস্থার অভাবের কারণে অসংখ্য মৃত্যুকে প্রাকৃতিক কারণ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে। যদিও এগুলি প্রতিরোধ করা যেত।

মানবাধিকার সংস্থার মাঠ কর্মীরা সাম্প্রতিক কয়েক ঘণ্টায় জোরপূর্বক বাস্তুচ্যুত এবং ক্ষুধার্ত অবস্থায় থাকা বয়স্ক ব্যক্তিদের কাছ থেকে দুঃখজনক বিবরণ রেকর্ড করেছে।

ইউরো-মেড আরও সতর্ক করে বলেছে, তীব্র বোমাবর্ষণের কারণে চলমান বাস্তুচ্যুতি ক্ষুধা সংকটকে আরও বাড়িয়ে তুলছে। যার ফলে বাসিন্দাদের কাছে যদি টিনজাত খাবারের ন্যূনতম মজুদ থাকে, তাও তারা হারাচ্ছে।

এটি গাজার মানবিক পরিস্থিতিকে বিপর্যয়কর হিসাবে বর্ণনা করেছে।

# সিনেমার খবর

## দুটি চরিত্র বিপরীত হলেও এক সুতোয় বাঁধা: রাশমিকা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

‘সামি সামি’ গানের তালে আপামর ভারতীয়ের হৃদয়ে হিল্লোল তুলেছিলেন দক্ষিণী অভিনেত্রী রাশমিকা মান্দানা। বলিউডে তার অভিষেক হয়েছিল দক্ষিণী বহুভাষিক ছবি ‘পুষ্পা’র হাত ধরে। তারপর তিনি অভিনয় করেন রণবীর কাপুরের বিপরীতে ‘অ্যানিম্যাল’ ছবিতে ‘গীতাঞ্জলি’রূপে।

এ সিনেমায় অভিনয় করে অবশ্য রাশমিকা খানিকটা সমালোচিত হয়েছিলেন। তার চরিত্র নিয়ে যেমন দর্শকের মনে প্রশ্ন ছিল, তেমনই প্রশ্ন উঠেছিল তার অভিনয়প্রতিভা নিয়েও। তারপর এ অভিনেত্রীকে দেখা যায় সালমানের বিপরীতে ‘সিকান্দার’ সিনেমায়। আবারও বলিউডের সিনেমায় অভিনয় করছেন রাশমিকা। এবার তার নায়ক আয়ুষ্মান খুরানা। এ ছবি হতে চলেছে ‘হরর-কমেডি’ ধারার। নাম ‘থামা’। ‘হরর-কমেডি’ ছবি বানাতে সিদ্ধহস্ত দীনেশ বিজন।

২০১৮ সালে তাঁর প্রযোজনায় মুক্তি পায় ‘স্ত্রী’। তারপর ‘ভেড়িয়া’, ‘মুঞ্জা’। শ্রদ্ধা কাপুর ও রাজকুমার রাও অভিনীত ‘স্ত্রী’ এতটাই জনপ্রিয় হয়েছিল যে তার সিক্যুয়াল ‘স্ত্রী ২’ ব্যাপক ব্যবসা করে। এরপর এখন তিনি নির্মাণ করছেন ‘থামা’। এই সিনেমার ‘থামা’ নামটি এসেছে মহাভারতের অমর চরিত্র ‘অশ্বত্থামা’ থেকে। প্রেম, অভিশাপ আর অমরতার গল্প নিয়ে নির্মিত হয়েছে সিনেমাটি।এটি নির্মাণকরছেন ‘মুঞ্জা’খ্যাত নির্মাতা আদিত্য সারপোতদার। ভ্যাম্পায়ার থিমে তৈরি এ



রোমান্টিক-কমেডি সিনেমার দৃশ্যধারণ হয়েছে উটির ঘন জঙ্গলে। কুয়াশার চাদরে ঢাকা উটির জঙ্গলে গাছের ফাঁকে ভেসে আসে পাখির ডাক, আর ক্যামেরার লেন্সে ধরা পড়ে এক অসমাপ্ত ভালোবাসার নতুন গল্প। সিনেমার গল্পে দেখা যায় তরুণ গবেষক অর্জুন (আয়ুষ্মান খুরানা) বিজয়নগরের প্রাচীন ধ্বংসাবশেষ দেখতে যান।

পুরাকীর্তির মাঝে তিনি খুঁজে পান কিছু অজানা লিপি, কিছু ছেঁড়া দলিল আর এক অভিশপ্ত প্রেমের চিহ্ন। ঠিক তখনই তার জীবনে প্রবেশ করে অনন্যা (রাশমিকা)–এক ভ্রমণপিপাসু, ইতিহাসপ্রেমী, স্বতঃস্ফূর্ত মেয়ে, যার উপস্থিতি রং ছড়ায় অর্জুনের গবেষণায়। এ দু’জনের সম্পর্ক শুরু হওয়ার আগে, ছায়ার মতো তাদের পিছু নেয় অতীত–ভয়ানক, রক্তাক্ত অতীত। সেই অতীতে ছিল বিজয়নগরের এক রাজকুমারী (রাশমিকা) এবং এক অভিশপ্ত যোদ্ধা অশ্বত্থামা (আয়ুষ্মান)।

হাজার বছরের শাপ বয়ে চলা সেই প্রেম, যাকে মৃত্যু স্পর্শ করতে পারেনি, যাকে ভোলা যায়নি–তারই ছায়া ঘিরে ধরে বর্তমানকে। এখানেই শুরু হয় গল্পের আসল মোড়। এ পর্যায়ে গল্পে প্রবেশ করেন এক রহস্যময় চরিত্র–নওয়াজউদ্দিন সিদ্দিকি। এক সময় যে ছিলেন রাজদরবারের গোপন রক্ষক, এখন হয়ে উঠেছেন ভয়ের প্রতীক। তার আগমনে সামনে আসে সেই অশ্বত্থামার অতীত–যেখানে প্রেম, বিশ্বাসঘাতকতা আর রক্তের অন্ধকার একে অপরকে ছুঁয়ে গিয়েছিল।

সিনেমাটি নিয়ে রাশমিকা বলেন, ‘এই সিনেমায় আমি দুটি চরিত্রে অভিনয় করেছি। আমি একইসঙ্গে আধুনিক যুগের অনন্যা আর অতীতের রাজকুমারী। দুই চরিত্র দুই বিপরীত দিক, কিন্তু এক সুতোয় বাঁধা। প্রতিটি দৃশ্য করতে গিয়ে বুক কেঁপেছে।’

আয়ুষ্মান বলেন, ‘এ ছবিতে আমি শুধু প্রেমিক নই, আমি এক অভিশপ্ত আত্মা। সেই আত্মার মধ্য দিয়ে আমি বুঝেছি–ভালোবাসা যদি সত্য হয়, তাহলে সময় কখনও তাকে হারাতে পারে না। সিনেমার নির্মাতা পৌরাণিকতা আর আধুনিক সময়ের রোমান্স একসঙ্গে মিশিয়েছেন এমনভাবে, যেন বাস্তব আর কল্পনার মাঝখানে দাঁড়িয়ে দর্শক নিজের আত্মার কোনো হারানো ইতিহাস খুঁজে পাবে।’

ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, নির্মাতারা অপেক্ষা করছেন দীপাবলির। কারণ, চলতি বছরের দীপাবলির উৎসবের আলোয় যখন ‘থামা’ মুক্তি পাবে, তখন হয়তো অন্ধকার জঙ্গল আর অতীতের ছায়ার মাঝে নতুন আলো খুঁজে পাবেন দর্শক। হয়তো ভালোবাসা আবারও এক নতুন অর্থে ধরা দেবে–থেমে না থেকে, অমর হয়ে।

## নতুন প্রেমের ইঙ্গিত দিলেন সামান্থা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বছরজুড়ে বাতাসে ভাসতে থাকে তারকাদের প্রেমের গুঞ্জন। দক্ষিণ ভারতীয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভুকে নিয়ে রটেছিল প্রেমের গুজব। সে গুঞ্জন সত্যি, না মিথ্যা– তা জানা যায়নি আদৌ। অতীতের গুঞ্জন ফিকে হয়ে আসতে না আসতেই আরও একবার বলিউডের বাতাসে ভাসতে শুরু করেছে সামান্থার প্রেমের খবর।

ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার জানিয়েছে, অভিনেতা নাগা চৈতন্যের সঙ্গে বিবাহবিচ্ছেদের পর দীর্ঘসময় একাকী কাটিয়েছেন সামান্থা। এবার সেই নিঃসঙ্গতা কাটাতে নতুন একজনের শরণাপন্ন হয়েছেন কিছুদিন আগে বলিউডে পা রাখা এই অভিনেত্রী। শোনা যাচ্ছে, আবার প্রেমে পড়েছেন অভিনেত্রী। সত্যিই কি তাই! সেই উত্তর স্পষ্ট না হলেও সামান্থার নতুন পোস্ট উস্কে দিয়েছে নতুন জল্পনা। পরিচালক রাজ নিদিমোরুর সঙ্গে নাম জড়িয়েছে তাঁর। অনেক দিন ধরেই এ আলোচনা চলছে। কিন্তু আদতে সত্যিটা কী, তা এখনও জানা যায়নি।

এদিকে শিগগিরই মুক্তি পেতে যাচ্ছে সামান্থা প্রযোজিত প্রথম ছবি ‘শুভম’। যার ট্রেলার প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন অভিনেত্রী। সেই অনুষ্ঠানের বেশ কিছু ছবি সামাজিক মাধ্যমে পোস্ট করেন তিনি। সেসব ছবিতে ‘সিটাডেল হানি বানি’ সিনেমার পরিচালক রাজও রয়েছেন।

ছবি পোস্ট করে অভিনেত্রী লেখেন, ‘পথটা অনেক লম্বা ছিল। এখন আমরা এখানে। নতুন শুরু।’

তাঁর এই লেখাতেই অনেকে সামান্থার জীবনে নতুন মানুষের ইঙ্গিত পেয়েছেন। তবে সব আলোচনাই নস্যাৎ করে দিয়েছেন নায়িকা। ইন্ডাস্ট্রির অন্দরে ফিসফাস শুরুর আগেই অভিনেত্রী স্পষ্ট জানিয়ে দিয়েছেন, নতুন শুরুর মানে হলো প্রযোজক হিসেবে তাঁর নতুন যাত্রা শুরু। এ মুহূর্তে কোনো সম্পর্কেই যে তিনি নেই, সে কথাও স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন অভিনেত্রী।

## বিরতি ভেঙে ফিরলেন রিচা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মা হওয়ার কারণে বেশ কিছুদিন অভিনয় জগৎ থেকে দূরে সরেছিলেন রিচা চাড্ডা। এবার বিরতি ভেঙে ফিরলেন অভিনয়ে। তবে নতুন সিনেমা নিয়ে এখনই মুখ খুলতে চান না এই বলিউড তারকা।

ভারতীয় সংবাদমাধ্যম আজকাল ডট ইন-কে অভিনেত্রী শুধু এটুকু জানিয়েছেন, কামব্যাক সিনেমাটি তাঁর জন্য সত্যিকার অর্থে স্পেশাল। আগামী সেপ্টেম্বরে শুরু হবে সিনেমার শুটিং।

সেখানে তিনি অভিনয় করবেন একজন উচ্চবিত্ত উদ্যোক্তার চরিত্রে, যিনি জন্ম থেকেই অনাথ এবং যার জীবনের খাতায় শুধুই লড়াই আর প্রমাণ করার দায়



রয়েছে। চরিত্রটা যেমন শক্তিশালী, তেমনই আবেগপ্রবণ।নির্মাতারা আশা করছেন তাঁর চরিত্রটি দর্শকের মনে দারুণভাবে দাগ কাটাবে।

রিচার কথায়, ‘এ চরিত্রটি আমার কাছে শুধু একটা রোল নয়, একটি জার্নি। সিনেমার চিত্রনাট্য যখন পড়ি, কেমন যেন থমকে গেছিলাম। কারণ, এর গল্প ও চরিত্রে যেমন গভীরতা আছে, তেমনি আছে হাস্যরসের খোরাক জোগানো উপকরণ। বাস্তব জীবনের মতোই টানাপোড়েনে ভরা এই গল্প।’

# T20 ফরম্যাটে প্রত্যাবর্তনের সাথেসাথে দেশের অধিনায়কত্বও পেতে পারেন কে এল রাহুল!

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**





T20 ফরম্যাটে পুরুষদের ক্রিকেটে সূর্যকুমার যাদব ব্লু ব্রিগেডদের নেতৃত্ব দিচ্ছেন। অন্যদিকে পরবর্তী টি-টোয়েন্টি বিশ্বকাপ শ্রীলঙ্কার সঙ্গে ভারত যৌথভাবে আয়োজন করতে চলেছে। শোনা যাচ্ছে, এই টুর্নামেন্টের জন্য তরুণ ক্রিকেটারদের সঙ্গে অভিজ্ঞ তারকাদের মিশ্রণে শক্তিশালী দল গড়তে চাইছে। সূত্রের খবর, বর্তমানে দুরন্ত ফর্মে থাকা কেএল রাহুলকে দ্রুত ভারতীয় টি-টোয়েন্টি দলে ফিরিয়ে আনতে চলেছেন নির্বাচকরা।

কেএল রাহুল দেশের হয়ে ODI এবং টেস্ট ক্রিকেটে ধারাবাহিকভাবে জায়গা পেলেও তিনি দীর্ঘদিন টি-টোয়েন্টি দলের বাইরে রয়েছেন। শেষবার এই তারকা ব্যাটসম্যান ২০২২ সালে ইংল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে মাঠে নেমেছিলেন। কিন্তু তিনি আইপিএল 2025-এ ধারাবাহিকভাবে ভালো পারফর্মেন্স করে নিজেকে প্রমাণ করে চলেছেন। গত বছর এই টুর্নামেন্টে ১৪ ম্যাচে তিনি ৫২০ রান সংগ্রহ করেছিলেন। এই বছর নতুন দল দিল্লি ক্যাপিটালসের, হয়ে বিধ্বংসী ফর্মে রয়েছেন রাহুল। তিনি চলতি আইপিএলে ১১ ম্যাচে এখনও পর্যন্ত ৪৯৩ রান তুলে নিয়ে নির্বাচকদের বার্তা দিয়েছেন। তাঁর ব্যাট থেকে একটি শতরানও এসেছে। এর সঙ্গেই বিরাট কোহলির রেকর্ড ভেঙে সম্প্রতি টি-টোয়েন্টি ক্রিকেটে ভারতীয় হিসেবে দ্রুততম ৮০০০ রান করার রেকর্ড গড়েছেন তিনি। এই কৃতিত্ব অর্জন করতে যেখানে কোহলি ২৪৩ ইনিংস নিয়েছিলেন সেখানে রাহুল নিয়েছেন মাত্র ২২৪ ইনিংস। উল্লেখ্য এখনও পর্যন্ত আন্তর্জাতিক ২০ ওভারের ক্রিকেটে রাহুল ৭২ ম্যাচে ২২৬৫ রান সংগ্রহ করেছেন।

IPL-এর পর ভারতীয় পুরুষ দল জুন মাসের শেষের দিক থেকে ইংল্যান্ডের মাটিতে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ খেলবে। তারপর আগস্ট মাসে বাংলাদেশ সফরে ৩ ম্যাচের ওডিআই সিরিজ এবং ৩ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলবে ভারতীয় পুরুষ দল। শোনা যাচ্ছে, টাইগারদের বিপক্ষে গুরুত্বপূর্ণ ২০ ওভারের ক্রিকেটে কেএল রাহুল প্রত্যাবর্তন করতে পারেন। উল্লেখ্য এই সিরিজে ভারতীয় দলকে নেতৃত্ব পর্যন্ত দিতে পারেন এই তিনি। কারণ সূর্যকুমার যাদবের অধিনায়কত্বে ভারতীয় দল টি-টোয়েন্টিতে সফলতা পেলেও এই তারকা আন্তর্জাতিক ক্রিকেটে ব্যাট হাতে সাম্প্রতিক সময় হতাশ করেছেন। ফলে সূর্যকুমারের ওপর থেকে চাপ কমাতে চাইছেন নির্বাচকরা। আইপিএলে লখনউ সুপার জায়ান্টসের মতো দলের নেতৃত্বের দায়িত্ব সামলেছেন রাহুল। ফলে সূত্র অনুযায়ী তার মতো অভিজ্ঞ তারকাকে অধিনায়ক হিসেবে সামনে রেখে ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য দল গোছাতে চাইছে বিসিসিআই।

# দ্য অ্যাথলেটিকের বর্ষসেরা একাদশে নেই এমবাপ্পে-ইয়ামাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ইউরোপের শীর্ষ পাঁচ লীগের মধ্যে শেষ হয়েছে দুই লীগের মৌসুম, জার্মান বুন্ডেসলিগা আর ফরাসি লিগ ওয়ান। একটি করে রাউন্ড এখনও বাকি ইংলিশ প্রিমিয়ার লীগ, স্প্যানিশ লা লিগা আর ইতালিয়ান সেরি আতে। এর আগে মঙ্গলবার নিউইয়র্ক টাইমসের বিখ্যাত ক্রীড়া বিভাগ 'দ্য অ্যাথলেটিক' প্রকাশ করেছে নিজেদের বর্ষসেরা একাদশ। তাতেই ফুটবল ভক্তদের রীতিমত চমকে দিয়েছে আমেরিকান দৈনিকটি।

দ্য অ্যাথলেটিকের ইউরোপিয়ান ক্লাব ফুটবলের বছরের সেরা একাদশে জায়গা হয়নি চলতি মৌসুমে দ্যুতি ছড়ানো রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনা তারকা কিলিয়ান এমবাপ্পে ও লামিন ইয়ামালের। কাতালানদের এই তরুণ এই তুর্কিকে যেখানে অনেকে এ বছরের ব্যালন ডি'অরের যোগ্য হিসেবে এগিয়ে রাখছে, সেখানে তাকে চূড়ান্ত একাদশেই রাখেনি নিউইয়র্কের সংবাদপত্রটি।

অন্যদিকে ইয়ামালের মতোই তালিকায় নেই অল হোয়াইটদের ফরাসি ফরোয়ার্ড এমবাপ্পেও। রিয়ালের হয়ে এবার কোনো শিরোপা জেতা হয়নি এই ২৬ বছর বয়সী তারকার। তবে ব্যক্তিগত ঝুলিটা ঠিকই পরিপূর্ণ করছেন তিনি। স্পেনের শীর্ষ লীগে চলতি মৌসুমে ২৯ গোল করে এখন পর্যন্তও সবার চেয়ে এগিয়ে রয়েছেন এই বিশ্বকাপজয়ী তারকা। দুইয়ে থাকা বার্সার পোলিশ ফরোয়ার্ড রবার্ট লেভানদোভস্কির গোল চারটি কম। রিয়ালের জার্সিতে অভিষেক মৌসুমে এমবাপ্পের চেয়ে বেশি গোল করতে পারেননি আর কেউই। চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৫১ ম্যাচে ৫৩ গোল করা পর্তুগিজ ক্লাব স্পোর্টিং সিপি'র সুইডিশ তারকা ভিক্টর গিয়োকেরেসেও নেই এই একাদশে। দ্য অ্যাথলেটিকের একাদশের আক্রমণভাগে রয়েছে বার্সেলোনার রাফিনহা, প্যারিস সেইন্ট জার্মেইর (পিএসজি) ওসমান দেম্বেলে ও লিভারপুলের মো সালাহ। নিজেদের বর্ষসেরা ফুটবলার হিসেবে আমেরিকান দৈনিকটি বেছে নিয়েছে কাতালানদের ব্রাজিলিয়ান তারকা রাফিনহাকে।

চলতি মৌসুমে ৫৪ ম্যাচে ৩৪ গোলের সঙ্গে ২৫ অ্যাসিস্টও আছে এই ২৮ বছর বয়সী সেলেসাওয়ের নামের পাশে। প্রিমিয়ার লীগের সেরা খেলোয়াড় হিসেবে স্বীকৃতি পেয়েছেন ৩৭ ম্যাচে ৪৬ গোলে (২৮ গোল, ১৮ অ্যাসিস্ট) অবদান রাখা অলরেডদের মিশরীয় তারকা সালাহ। তিন মিডফিল্ডার হিসেবে একাদশে রয়েছেন আর্সেনালের ডেকলান রাইস, পিএসজির ভিতিনহা ও বার্সার পেদ্রি। প্রত্যেকেই চলতি মৌসুমে ছিলেন নিজ নিজ দলের ভরসা। রক্ষণভাগে জায়গা করেছেন পিএসজির দুই ফুলব্যাক নুনো মেনদেস ও আশরাফ হাকিমি। আর সেন্টারব্যাক পজিশনে আছেন লিভারপুলের ভার্জিল ভ্যান ডাইক ও ইন্টার মিলানের আলেসাড্রো বাস্তোনিকে। গোলবারের নিজে রয়েছেন রিয়ালের বেলজিয়ান দেয়াল থিবো কর্তোয়া। সেরা একাদশে জায়গা না পেলেও দ্য অ্যাথলেটিক ইউরোপের সেরা তরুণ ফুটবলার হিসেবে ঠিকই বেছে নিয়েছে লামিন ইয়ামালকে। ১৭ বছর বয়সী এই স্প্যানিশ ফরোয়ার্ড চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৫৪ ম্যাচে ১৮ গোলের পাশাপাশি করেছেন ২৫টি অ্যাসিস্টও।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR